সমালোচনার মুখে চীনা ওয়ার্ড প্রসেসর কিংসফট

একজন চীনা লেখকের অভিযোগের প্রেক্ষিতে চীনের সফটওয়্যার ডেভেলপার তুখোড় সমালোচনার মুখে পড়েছে। মিফি গু নামের ওই নারী লেখক অভিযোগ করেছেন, কম্পানি ওয়ার্ড প্রসেসিং দশ লক্ষাধিক শব্দের লেখা ‘স্পর্শকাতর বিষয়’ উল্লেখ করে আটকে দিয়েছে।

দি ওয়াল স্ট্রীট জার্নাল জানিয়েছে, গত ২৫ জুন নারী লেখক দেখতে পান, সফটওয়্যার তাকে সতর্ক বার্তা পাঠিয়েছে লিখেছে, ‘এই লেখায় নিষিদ্ধ বিষয় নিহিত আছে। সুতরাং এতে প্রবেশাধিকার বাতিল করা হলো।

মিফি বলেছেন, ‘ওই মেসেজ দেখে আমার মাথা ঘুরে গেছে। দশ লক্ষাধিক শব্দ লিখেছি ওই ওয়ার্ড সফটওয়্যারে। এখন আমি তাতে প্রবেশ কেরতে পারছি না।’

ডব্লিউপিএস নামের ওই সফটওয়্যার চীনে সর্বাধিক ব্যবহৃত একটি অ্যাপ্লিকেশন। তার এই ঘটনা তিনি টুইটার সদৃশ চীনের উইবো প্লাটফর্মে এবং বিভিন্ন রাইটার্স ফোরামে শেয়ার করেছেন। এতে সামাজিক ওই মাধ্যমগুলোতে প্রচুর ক্ষোভ দেখা গেছে।

মুজিবনগরে প্রধানমন্ত্রীর উপহার হিসাবে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবার পেল গৃহ ও জমি

মুজিববর্ষে দেশের একজনও ভূমিহীন ও গৃহহীন থাকবে না প্রধানমন্ত্রী শেখ হাসিনা’র ঘোষণাযায়ী বৃহস্পতিবার সকালে দেশব্যাপী ভূমিহীন ও গৃহহীন পরিবারের কাছে নব নির্মিত দুই কক্ষ বিশিষ্ট সেমি পাকা ঘরের চাবি ও জমির দলিল হস্তান্তর করা হয়েছে।

প্রধানমন্ত্রী গণভবন থেকে ভার্চুয়ালি এ কার্যক্রমের শুভ উদ্বোধন করেন। বঙ্গবন্ধু কন্যা মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা ভূমিহীন ও গৃহহীন পরিবারের উন্নত জীবন গঠনে এবং বঙ্গবন্ধুর স্বপ্ন পূরণে সোনার বাংলা গড়তে দেশে কোন ঠিকানা বিহীন বা গৃহহীন মানুষ থাকবে না বলে যে ঘোষনা দিয়েছিলেন। এই কার্যক্রমের অংশ হিসেবে মুজিবনগর উপজেলা প্রশাসন তৃতীয় পর্যায়ে ৬ জন ভূমিহীন ও গৃহহীন পরিবারের বসবাসের জন্য জমির দলিল ও নতূন ঘরের চাবি তুলে দিয়েছেন।

ঘরের দলিল হস্তান্তর উপলক্ষে,উপজেলা পরিষদ মিলনায়তনে আয়োজিত অনুষ্ঠানে, উপজেলা নির্বাহী অফিসার সুজন সরকারের সভাপতিত্বে,প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলা প্রশাসক ডঃ মোহাম্মদ মনসুর আলী খান। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মেহেরপুর জেলার অতিরিক্ত পুলিশ সুপার (সদর সার্কেল)অপু সরোয়ার,মুজিবনগর থানা ইনচার্য ওসি মেহেদি রাসেল,উপজেলা আওয়ামীলীগের সভাপতি রফিকুল ইসলাম তোতা,সাধারণ সম্পাদক আবুল কালাম আজাদ,উপজেলা মহিলা ভাইস চেয়ারম্যান আফরোজা খাতুন,দারিয়াপুর ইউনিয়ন আওয়ামীলীগের সভাপতি মোস্তকিম হক খোকন কমান্ডার সহ উপজেলা প্রশাসনের কর্মকর্তা কর্মচারি বৃন্দ মুক্তিযোদ্ধা,আওয়ামীলীগ সহ অংগসংগঠনের নেতৃবৃন্দ,সাংবাদিক ও সুধিবৃন্দ উপস্থিত ছিলেন।

বাস্তবায়ন হয়নি মেহেরপুরের ‘সীমান্ত হাট’ কার্যক্রম

মেহেরপুর জেলার ভারতীয় সীমান্তে ৩টি ‘সীমান্ত হাট’ বসার কথা থাকলেও অধ্যবধি সে কর্মসূচী বাস্তবায়ন না হওয়ায় আক্ষেপ বেড়েছে সীমান্তবাসির।

দু দেশের কৃষি ও খাদ্য পণ্যের বাণিজ্যিক ও বন্ধুত্বপূর্ণ সম্পর্ক উচ্চ মাত্রায় নিয়ে যাওয়ার লক্ষে বাংলাদেশ ও ভারত সরকার সীমন্তের নোম্যান্সল্যান্ডের উপর সপ্তাহে দুই দিন হাট বাজার বসানোর

সিদ্ধান্ত নিয়েছিলেন।

এছাড়া কৃষি ও বাণিজ্যের ক্ষেত্রে বাংলাদেশ ও ভারতের বন্ধুত্বপূর্ণ সম্পর্ক বৃদ্ধি, দু দেশের উৎপাদিত কৃষি পণ্যের উৎপাদন খরচ ও বাজার দর সম্পর্কে কৃষকদের সরাসরি জানানো, দু দেশের বিলুপ্তপ্রায় খাদ্যপণ্যগুলোরও পরিচিতি লাভ। কৃষি পণ্যের বাজারজাত বৃদ্ধির উদ্দ্যেশ্য ও লক্ষ ছিল এতে।

২০১৭ সালে এই জেলার সীমান্তে তিনটি হাট বসানোর সিদ্ধান্ত নিয়েছিলো উভয় দেশের সরকার। সেসময় সীমান্ত হাটের জন্য সাইট সিলেকশনও করা হয়েছিল। পরবর্তিতে সরকারী কোন নির্দেশনা না পাওয়ায় হাটের কার্যক্রম ঝুলে যায়।

এ জন্য স্থান নির্ধারিত ছিল গাংনী উপজেলার কাজিপুর, সদর উপজেলার বুড়িপোতা ও মুজিবনগর উপজেলার মুজিবনগর।
গাংনী উপজেলার কাজীপুর গ্রামের অবসরপ্রাপ্ত সেনা সদস্য ওমেদ আলী, স্থানীয় রাজনীতিবিদ আব্দুল আলিম ও ব্যবসায়ী আব্দুর রহমান জানান, আমাদের এখানে একটি সীমান্ত হাট বসার জন্য দু দেশের বিজিবি ও বিএসএফ পর্যায়ে স্থান নির্বাচন করা হয়েছিলো। সে মতে উভয় দেশের প্রশাসনিক পর্যায়ের কর্মকর্তারা অনেক দুর এগিয়েছিলেন। সীমান্ত হাটের জন্য স্থানও নির্ধারণ করেছিলেন উভয় দেশের পক্ষ থেকে। কিন্তু আজোও হাট বসানো হয়নি। হাট বসানো হলে এলাকার অর্থনৈতিক অবস্থার একটি আমুল পরিবর্তন হতো।

বুড়িপোতা গ্রামের কৃষক আব্দুস সামাদ ও রওশন আলী বলেন, সীমান্তে হাট বসলে কৃষি পণ্য বিক্রি করার জন্য একটি আন্তর্জাতিক মানের বাজার পেতাম আমরা। এছাড়া আমাদের পার্শ্ববর্তি দেশ ভারতের সাথে একটা বন্ধুত্বপূর্ণ পরিবেশ তৈরী হতো। সীমান্তে উভয় দেশের মানুষের মাঝে যে উত্তেজনাটা থাকে সেটিও অনেকটাই দুর হতো। কিন্তু সেটি ঝুলে গেছে প্রশাসনিক জটিলতায়।

বিজিবির একটি সূত্র জানায়, বিজিবি এবং বিএসএফ নিয়মিত পতাকা বৈঠক, ফ্রেন্ডসিপ টূর্ণামেন্ট ও যৌথভাবে টহল দেওয়ায় সীমান্তে বিজিবি ও বিএসএফ’র মধ্যে সোহার্দ্য ও সম্প্রীতি বিরাজ করছে। সীমান্তে এখন অনেকটাই উত্তেজনা প্রশমন হয়েছে। আগে সীমান্তবাসি অনেকটাই অসচেতন ছিলেন। এছাড়া আমাদের দেশের মানুষের মাঝে সচেতনতা সৃষ্টির জন্য উঠান বৈঠক, মসজিদে মসজিদে মুসল্লিদের সাথে আলোচনা সভা ইত্যাদী করে থাকি। যে কারনে এদেশের মানুষরা আগের মত জীবনের ঝূঁকি নিয়ে

সীমান্তে যায়না।

৪৭ বর্ডারগার্ড বাংলাদেশ (বিজিবি) কুষ্টিয়া সেক্টরের অধিনায়ক লেপ্টেনেন্ট কর্ণেল গোলাম মোর্শেদ বলেছেন, বাংলাদেশ এখন স্বনির্ভর একটি দেশ। সীমান্তে হাট বাজার বসালে দু দেশের মানুষের যাতায়াত বাড়বে। এর ফলে অনেক খারাপ মানুষ এপার ওপার হবে। আইনশৃংখলার বিষয়টি মাথায় রাখতে হবে। ভারত থেকে সাবান শ্যাম্পু বা অন্যান্য প্রসাধনি দ্রব্যাদি অবাধে আসার ফলে দেশীয় শিল্পকলকারখানায় উৎপাদিত প্রসাধনী মার খাবে। অর্থনৈতিকভাবে আমরা ক্ষতিগ্রস্থ হবো। আমরা এখন অর্থনৈতিকভাবে স্বাবলম্বি তাই আমরা চাচ্ছিনা ওভাবে ব্যবসা বাণিজ্য গড়ে উঠুক।

সীমান্তে কাটাতারের বেড়া আর ভাগীরতি নদীই মেহেরপুর ও ভারতের পশ্চিমবঙ্গের নদীয়া জেলাকে বিভক্ত করেছে। অথছ, স্বাধীনতার পূর্বে দু-দেশের মানুষের মধ্যে ছিলো এক অন্যরকম সেতু বন্ধন। দু দেশের মানুষের আত্মীয়-স্বজনের বাড়িতে নদী পার হয়ে অবাধেই আসা যাওয়া চলতো।

জেলার গাংনী, মুজিবনগর ও সদর থানার বিভিন্ন পয়েন্টে রয়েছে ভারতীয় সীমান্ত। জেলার উপজেলার বিভিন্ন এলাকার সীমান্ত ২২ টি রুট রয়েছে।

দর্শনায় পূবালী ব্যাংকের উপ শাখার উদ্বোধন

দর্শনায় পূবালী ব্যাংক লিমিটেডের উপ শাখার উদ্বোধন করা হয়েছে। বুধবার বেলা ১২ টায় দর্শনা রেল বাজারস্থ হাসেম প্লাজার ২য় তলায় এ উপ শাখার উদ্বোধন করা হয়।

এ অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংক লিমিটেডের উপ মহাব্যবস্থাপক ও খুলনার অঞ্চল প্রধান মোহাম্মদ আরিফুর রহমান।

এসময় তিনি বলেন, এ অঞ্চলের মানুষের ব্যাংকের মাধ্যমে অর্থনৈতিক

লেনদেনের সুবিধার্থে এ শাখা স্থাপন করা হলো। স্থানীয় ব্যবসায়ীসহ সাধারন মানুষ যাতে এ ব্যাংক থেকে সর্বাত্মক সেবা পেতে পারে সে জন্য আমরা আপ্রাণ চেষ্টা করবো।

এসময় বিশেষ অতিথি হিসাবে উপস্থিত ছিলেন পূবালী ব্যাংকের সহকারী মহাব্যবস্থাপক ও ঝিনাইদহ শাখার ব্যবস্থাপক কাজী সিহাবুল ইসলাম।

এছাড়া আরও উপস্থিত ছিলেন প্রিন্সিপাল অফিসার ও আলমডাঙ্গা শাখার ব্যবস্থাপক মোঃ জাহাঙ্গীর আলম, প্রিন্সিপাল অফিসার ও শরৎগঞ্জ শাখার ব্যবস্থাপক মোঃ সেলিম রেজা,দর্শনা থানার ওসি অপারেশন নিখিল অধিকারী, দর্শনা রেল বাজার দোকান মালিক সমিতির সভাপতি টিপু সুলতান,দর্শনা উপ শাখার ভবন মালিক আবুল হাশেম, বিশিষ্ট ব্যাবসায়ী জাহাঙ্গীর হোসেন, রবিউল ইসলাম, এহসান আলী প্রমুখ।

এ অনুষ্ঠানটি সঞ্চালনা করেন অত্র ব্যাংকের আঞ্চলিক কার্যলয়ের প্রিন্সিপাল অফিসার শেখ আবু শামীম।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের বিভিন্ন কাজে অনিয়মের অভিযোগ, দুদকের অভিযান

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের নির্বাহী প্রকৌশলী, উপবিভাগীয় প্রকৌশলী ও সাব এ্যাসিষ্টেন্ট ইঞ্জিনিয়ারদের বিরুদ্ধে দূর্ণীতির অভিযোগ পাহাড় সমান।নিম্নমানের নির্মাণ সামগ্রী দিয়ে রাস্তা মেরামতের নামে অর্থ লোপাট, রাস্তা নির্মাণ শুরুর আগেই ঠিকাদারদের অতিরিক্ত অর্থ প্রদানসহ নানা ধরণের অনিয়ম ও দূর্ণীতির অভিযোগ তাদের বিরুদ্ধে।

মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের কর্মকর্তাদের এসব অনিয়ম ও দুর্নীতির অভিযোগে বাংলাদেশ দুর্নীতি দমন কমিশন (দুদক) কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ে উদ্যোগে ব্যাপক অভিযান চালিয়েছে।

দুদক কুষ্টিয়া আঞ্চলিক কার্যালয়ের সহকারী পরিচালক নীল কমল পালের

নেতৃত্বে সমন্বিত জেলা কার্যালয় কুষ্টিয়ার উপ-সহকারী পরিচালক মাহিদুল ইসলাম, আতিকুর রহমান, আবু তালহার নেতৃত্বে আজ বুধবার (২০ জুলাই) দুপুরের দিকে এ অভিযান চালানো হয়।

দুদকের অভিযানে সময় মেহেরপুর সওজ বিভাগের উপ-বিভাগীয় প্রকৌশলী (এসডি)মিজানুর উপস্থিত থাকলেও মেহেরপুর সড়ক ও জনপথ নির্বাহী প্রকৌশলী নজরুল ইসলামসহ অন্যান্য সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়াররা অনুপস্থিত ছিলেন ।

তবে, একটি সূত্র জানায়, দুদকের অভিযানের খবর টের পেয়ে সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার শাহিনুজ্জামানসহ অন্যান্যরা গা ঢাকা দেন।

সাব এ্যাসিস্টেন্ট ইঞ্জিনিয়ার শাহিনুজ্জামান জানান, আমি সকালে এসে সাইটে গেছিলাম। অফিসে ফিরেছি বিকেলের দিকে। তার আগে দুপুরের দিকে দুদকের টীম অফিসে এসেছেন। একটি রাস্তার অনিয়ম দেখার জন্যই অফিসে দুদকের টীম এসেছে বলে জানান তিনি।

দুদকের সহকারী পরিচালক নীল কমল পাল জানান, মেহেরপুর সড়ক ও জনপথ বিভাগের বিভিন্ন কাজে অনিয়মের অভিযোগ পেয়ে অভিযান পরিচালনা করা হচ্ছে। বিভিন্ন কাজের নথিপত্র কতৃপক্ষকে দেওয়ার জন্য বলা হয়েছে। নথিপত্র পরীক্ষ-নিরীক্ষার পর কোনো কিছু পেলে আইনগত ব্যবস্থা নেয়া হবে।

সাংবাদিক কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৮৯ তম জন্মবার্ষিকী পালন

কুষ্টিয়ার কুমারখালীতে গ্রামীণ সাংবাদিকতার জনক কাঙ্গাল হরিনাথ মজুমদারের ১৮৯ তম জন্মবার্ষিকী উপলক্ষে ‘নারী শিক্ষার অগ্রায়ণে কাঙ্গাল হরিনাথ মজুমদারের ভূমিকা’ শীর্ষক আলোচনা সভা, পুরস্কার বিতরণী ও মনোজ্ঞ সাংস্কৃতিক অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে।

বুধবার (২০ জুলাই) দুপুরে কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘর মিলনায়তনে কর্মসূচির অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্য রাখেন, বাংলাদেশ জাদুঘরের সচিব গাজী মো. ওয়ালি উল হক। মূখ্য আলোচক ছিলেন কুষ্টিয়া সরকারি মহিলা কলেজের অধ্যক্ষ প্রফেসর শিশির কুমার রায়।

উপজেলা নির্বাহী কর্মকর্তা বিতান কুমার মন্ডলের সভাপতিত্বে অনুষ্ঠানে বক্তব্য রাখেন কুমারখালী সরকারি কলেজের প্রভাষক মাসুদ রানা, কবি ও সাহিত্যিক সোহেল আমিন বাবু, কুমারখালী সাংবাদিক কাঙ্গাল হরিনাথ স্মৃতি জাদুঘরের এক্সপ্লোরেশন অফিসার ওবায়দুল্লাহ।

এসময় কুমারখালী শিল্পকলা একাডেমির সাধারণ সম্পাদক কামরুজ্জামান আইয়ুব, কবি ও নাট্যকর লিটন আব্বাস, কবি আব্দুস সাদিক সহ বিভিন্ন শ্রেণি পেশার মানুষ উপস্থিত ছিলেন।

কালজয়ী এই সাংবাদিক ১২৪০ সালের ৫ই শ্রাবণ (ইংরেজি ১৮৩৩) কুষ্টিয়া জেলার কুমারখালী শহরের কুণ্ডুপাড়ায় বাবা হলধর মজুমদার ও মা কমলিনী দেবীর সংসারে জন্মগ্রহণ করেন। ৬৩ বছরের জীবনকালে তিনি সাংবাদিকতা, আধ্যাত্ম সাধন, সাহিত্যচর্চাসহ নানাধরনের সামাজিক আন্দোলনের সঙ্গে সম্পৃক্ত হন। মূলত তিনি ছিলেন, সাংবাদিকতা পেশার একজন সংগ্রামী মানুষ।

সাংবাদিক কাঙাল হরিনাথ ছিলেন অত্যাচার ও জুলুমের বিরুদ্ধে আপসহীন। তৎকালীন সময়ে তিনি (১৮৫৭ সাল) প্রাচীন জনপদ কুমারখালীর নিভৃত গ্রাম থেকে হাতে লেখা পত্রিকা মাসিক গ্রামবার্তা প্রকাশিকা প্রকাশ করেন। তিনি গ্রামবার্তা প্রকাশিকায় ইংরেজ নীলকর, জমিদার ও শোষক শ্রেণির অত্যাচার, জুলুম, ধর্মান্ধতা, কুসংস্কার ও সামাজিক কু-প্রথার বিরুদ্ধে খবর প্রকাশ করেন।

ইবিতে অস্ত্রসহ আটক ছাত্রলীগ কর্মীকে বহিষ্কার

ইসলামী বিশ্ববিদ্যালয়ের (ইবি) অস্ত্রসহ আটক ছাত্রলীগ কর্মীকে সাময়িক বহিষ্কার করা হয়েছে বিশ্ববিদ্যালয় প্রশাসন। এ ছাড়া এ নিয়ে তিন সদস্য বিশিষ্ট একটি তদন্ত কমিটি গঠন করা হয়েছে। আজ বুধবার ভারপ্রাপ্ত রেজিস্ট্রার এইচ. এম আলী হাসান স্বাক্ষরিত এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

অভিযুক্ত ছাত্রলীগ কর্মী আইন বিভাগের ২০১৮-১৯ শিক্ষাবর্ষের শিক্ষার্থী রেজওয়ান সিদ্দিকী কাব্য। তিনি বিশ্ববিদ্যালয় শাখা ছাত্রলীগ নেতা শাহজালাল সোহাগ গ্রুপের কর্মী বলে জানা গেছে।

বিজ্ঞপ্তিতে বলা হয়, ওই ছাত্রের ব্যাপারে বিস্তারিত তথ্য উৎঘাটনপূর্বক রিপোর্ট পেশ করার জন্য দেশরত্ন শেখ হাসিনা হলের প্রভোস্ট অধ্যাপক ড. শামসুল আলমকে আহ্বায়ক করে তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন করা হয়েছে। একাডেমিক শাখার উপ-রেজিস্ট্রার আলীবর্দী খানকে সদস্য সচিব ও সাদ্দাম হোসেন হলের প্রভোস্ট অধ্যাপক ড. আসাদুজ্জামানকে কমিটির সদস্য হিসেবে রাখা হয়েছে। এ ছাড়াও ইবি থানার ভারপ্রাপ্ত কর্মকর্তাকে মামলা গ্রহণ করে প্রয়োজনীয় আইনগত পদক্ষেপ গ্রহণ করার জন্য অনুরোধ করে বিশ্ববিদ্যালয় প্রশাসন।

এর আগে গতকাল মঙ্গলবার রাত সাড়ে ৮টার দিকে বিশ্ববিদ্যালয়ের বীরশ্রেষ্ঠ হামিদুর রহমান মিলনায়তন থেকে তাঁকে দেশীয় অস্ত্রসহ আটক করে পুলিশ। এর আগে বিকেলে তিনি তাঁর সহযোগীদের নিয়ে অস্ত্রসহ ক্যাম্পাসে মহড়া দেন এবং ইবি সিকিউরিটি অফিসার আব্দুস সালাম সেলিম ও সাংবাদিকদের অস্ত্র নিয়ে খুঁজে বেড়ান।

পরে সন্ধ্যা সাড়ে ৭টায় প্রেস কর্নারে এসে সাংবাদিকদের হুমকি দেন তাঁরা। তাৎক্ষণিকভাবে প্রক্টরিয়াল বডি ও পুলিশকে খবর দেওয়া হলে প্রক্টরিয়াল বডি এসে তাঁকে পুলিশের কাছে সোপর্দ করে। এ সময় তাঁর বাকি তিনজন সঙ্গী ঘটনাস্থল থেকে পালিয়ে যান।

এ বিষয়ে বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. শেখ আবদুস সালাম বলেন, ‘বিষয়টি অত্যন্ত দুঃখজনক। আমরা জানা মাত্রই তাঁকে সাময়িকভাবে বহিষ্কার করেছি। তিন সদস্য বিশিষ্ট তদন্ত কমিটি গঠন

করা হয়েছে। এ ছাড়াও মামলার কাজ চলমান রয়েছে।

উল্লেখ্য, গত সোমবার (১৮ জুলাই) রাতে কুষ্টিয়া-ঝিনাইদহ মহাসড়কে ছিনতাইয়ের ঘটনা ঘটায় এই কাব্য। ড্রাইভারকে ছুরি দেখিয়ে দশ হাজার টাকা দাবি করেন তিনি। টাকা দিতে অস্বীকৃতি জানালে ড্রাইভার ও তাঁর সহকারীকে মারধর করে মানিব্যাগ থেকে পাঁচ হাজার টাকা নিয়ে নেন তাঁরা।

গাংনীর কাথুলী ইউনিয়নে শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ বিতরণ

গাংনীর কাথুলী ইউনিয়ন পরিষদে মেধাবী শিক্ষার্থীদের মাঝে বাইসাইকেল ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ ও হ্যান্ড মাইক বিতরণ করা হয়েছে।

আজ বুধবার দুপুর ১.৩০ মিনিটের সময় কাথুলী ইউনিয়ন পরিষদের মিলনায়তন কক্ষে ২০২১-২২ অর্থ বছরে ইউনিয়ন উন্নয়ন সহায়তা তহবিল এর আওতায় মেধাবী শিক্ষার্থী দের মাঝে বাইসাইকেল কুতৃবপুর স্কুল এন্ড কলেজ-এ আইপিএস ও ল্যাপটপ,ও ইউনিয়ন ডিজিটাল সেন্টারে ল্যাপটপ, প্রিন্টার ও হ্যান্ড মাইক বিতরণ কার্যক্রম অনুস্ঠান অনুষ্ঠিত হয়।

অনুষ্ঠানে সভাপতিত্ব করেন ১ নং কাথুলী ইউনিয়ন পরিষদের চেয়ারম্যান মিজানুর রহমান রানা।প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন মোঃ সরোয়ার হোসেন (ডি এফ এল জি এস পি-৩) মেহেরপুর।

বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন কুতুবপুর স্কুল এন্ড কলেজের সহকারী শিক্ষক ও কাথুলী ইউনিয়ন কৃষক লীগের সভাপতি রেজাউর রহমান।

কুতুবপুর স্কুল এন্ড কলেজের অধ্যাক্ষ (ভারপ্রাপ্ত) হাফিজুল ইসলাম। উপস্থিত ছিলেন ইউপি সদস্য আশরাফুল ইসলাম, ইউ পি সদস্য

বাবলু হোসেন,হুসাইন মাহমুদ,ইউপি সদস্য আজমাইন হোসেন,মহিলা ইউপি সদস্য ঝর্না বেগম,আরিফা খাতুন,ফরিদা খাতুন সহ স্থানীয় গন্যমান্য ব্যাক্তি বর্গ উপস্থিত ছিলেন।

মুজিবনগরে গাছের সঙ্গে অটোর ধাক্কা, বাবা-ছেলে আহত

মেহেরপুরের ঐতিহাসিক স্থান মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে গাছের সঙ্গে ব্যাটারি চালিত ইজিবাইককের ধাক্কায় ফারুক হোসেন (৫২) ও তার ছেলে সাঈদ হোসেন (১০) আহত হয়েছেন।

আজ বুধবার বেলা সাড়ে তিনটায় সময় মোনাখালী-মুজিবনগর সড়কে এ দুর্ঘটনা ঘটে। ফারুক হোসেন মুজিবনগর উপজেলার মোনাখালী গ্রামের মৃত সাবের হোসেনের ছেলে।

জানা গেছে, ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন মুজিবনগরে ঘুরতে যাওয়া সময় নিয়ন্ত্রণ হারিয়ে ব্যাটারি চালিত ইজিবাইক গাছের সঙ্গে ধাক্কা খায়। ফারুক হোসেন ও তার ছেলে সাঈদ হোসেন গুরুতর আহত হওয়াই স্থানীয়রা তাদের মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে ভর্তি করেন।

আহত ফারুক হোসেন ও সাঈদ হোসেন এখন মেহেরপুর ২৫০ শয্যা বিশিষ্ট জেনারেল হাসপাতালে চিকিৎসাধীন আছেন।

বিয়ের তারিখ ঘোষণা করলেন

সুনীলকন্যা আথিয়া-রাহুল

আগামী বছরের শুরুতে ক্রিকেটার কেএল রাহুলের সঙ্গে গাঁটছড়া বাঁধছেন অভিনেতা সুনীল শেঠির কন্যা অভিনেত্রী আথিয়া শেঠি।

তারকা এ জুটির বিয়ের গুঞ্জনের মধ্যে টাইমস অব ইন্ডিয়ার এক প্রতিবেদনে বলা হয়েছে, ২০২৩ সালের জানুয়ারি কিংবা ফেব্রুয়ারিতে বিয়ে করবেন তারা। তারিখ ও বিয়ের ভেন্যু এখনো চূড়ান্ত হয়নি।

তিন বছর ধরে প্রেমের সম্পর্কে আছেন রাহুল-আথিয়া। রাহুলের সঙ্গে বেশ কয়েকটি দেশে ঘুরতে দেখা গেছে আথিয়াকে।

সামনে বেশ কয়েকটি সিনেমা ও ওয়েব চলচ্চিত্রে দেখা যাবে আথিয়াকে।

২০১৫ সালে ‘হিরো’ চলচ্চিত্রের মধ্য দিয়ে বলিউডে অভিষেক ঘটেছে তার; পরবর্তী সময় বেশ কয়েকটি সিনেমায় কাজ করেছেন আথিয়া।